



স্মারক নং-বশেমুরকৃবি/প্রশা:/এন-০৯/২০২১/২২৪৪

তারিখ: ০৭/০৭/২০২১

জরুরী বিজ্ঞপ্তি


(ছাত্র-ছাত্রীদের কোভিড-১৯ এর ভ্যাকসিন সংক্রান্ত)

সকল ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণের লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয়ের যে সকল শিক্ষার্থীরা সংশ্লিষ্ট ডীন/প্রভোস্ট মহোদয়ের মাধ্যমে রেজিস্ট্রার বরাবর জাতীয় পরিচয়পত্র ও প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করেছেন তাদের তথ্য স্বাস্থ্য অধিদপ্তর (DGHS) এর Management Information System (MIS) এ প্রেরণ করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর হতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাধ্যমে জানানো হয়েছে যে, জাতীয় পরিচয়পত্র ও প্রয়োজনীয় তথ্যাদি সঠিকভাবে প্রদানকারী শিক্ষার্থীরা কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণের লক্ষ্যে 'সুরক্ষা অ্যাপ' অথবা surokha.gov.bd ওয়েবসাইটে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে পারবেন। সঠিকভাবে তথ্য প্রদানকারী ছাত্র-ছাত্রীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে শীঘ্রই প্রকাশ করা হবে।

এমতাবস্থায়, জাতীয় পরিচয়পত্র ও প্রয়োজনীয় তথ্যাদি প্রদানকারী ছাত্র-ছাত্রীদেরকে কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণের লক্ষ্যে 'সুরক্ষা অ্যাপ' অথবা surokha.gov.bd ওয়েবসাইটে নিবন্ধন কার্যক্রম সম্পাদন করার জন্য বলা হলো। নিবন্ধন করতে গিয়ে কোন সমস্যা হলে উদ্বিগ্ন না হয়ে পরবর্তীতে পুনরায় চেষ্টা করার জন্যও বলা হলো।

উল্লেখ্য যে, যারা জাতীয় পরিচয়পত্রের কপি ও প্রয়োজনীয় তথ্যাদি (নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিভাগ/অনুষদের নাম, টার্ম, হলের নাম ও মোবাইল নম্বর) সংশ্লিষ্ট ডীন/প্রভোস্ট মহোদয়ের মাধ্যমে অদ্যাবধি রেজিস্ট্রার বরাবর প্রেরণ করতে পারেননি তাদেরকে বর্ণিত তথ্যাদি আগামী ১২/০৭/২০২১ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য বলা হলো। **বিষয়টি অতীব জরুরী।**

সকল শিক্ষার্থী ভ্যাকসিন পাবেন। যাদের জাতীয় পরিচয়পত্র এখনো হয়নি তাদের বিষয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে নির্দেশনা পাওয়া মাত্রই বিজ্ঞপ্তির মাধ্যমে অবহিত করা হবে।



(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার

তারিখ: ০৭/০৭/২০২১

স্মারক নং-বশেমুরকৃবি/প্রশা:/এন-০৯/২০২১/২২৪৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১. ট্রেজারার, বশেমুরকৃবি।
২. সকল ডীন, বশেমুরকৃবি (স্ব-স্ব অনুষদের ছাত্র-ছাত্রীদেরকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)।
৩. পরিচালক (ছাত্র কল্যাণ), বশেমুরকৃবি।
৪. প্রক্টর, বশেমুরকৃবি।
৫. সকল হল প্রভোস্ট, বশেমুরকৃবি।
৬. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বশেমুরকৃবি (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, বশেমুরকৃবি।
৮. সহকারী রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর দপ্তর, বশেমুরকৃবি।
৯. সকল নোটিশ বোর্ড, বশেমুরকৃবি।
১০. অফিস নথি/মাস্টার নথি।


০৭/০৭/২০২১
(মো. জাহাঙ্গীর আলম)
উপ-রেজিস্ট্রার